*কেস স্টাডি*

নিলু ছোট্ট মেয়ে, তার বাড়ির পাশে ছিল এক সুন্দর বাগান।

প্রতিদিন সে গাছেদের জল দিত, ফুলের সঙ্গে কথা বলত।একদিন সে দেখল, পাশের মাঠে কেউ প্লাস্টিক ফেলছে।নিলু দৌড়ে গেল, বলল, "এতে গাছেরা কষ্ট পায়!"লোকটি লজ্জা পেল, বলল, "আমি আর ফেলব না।" নিলু হেসে বলল "চলো, সবাই মিলে পরিষ্কার করি।"

তারা মাঠ পরিষ্কার করল, গাছ লাগাল একসাথে।সেই দিন থেকে নিলুর গ্রামটা হয়ে উঠল সবুজ ও সুন্দর।

*নীচের প্রশ্নগুলি থেকে সঠিক* *উত্তর টি বেছে নিয়ে* *লেখো ।১×৬=৬*

ক) নিলু প্রতিদিন কাকে জল দিত?

বাবা / মা / গাছ / বন্ধু

খ) নীলুর বাড়ির পাশে কী ছিল?

বাগান / স্টেশন / রাস্তা / জল

গ) ফুলের সঙ্গে কে কথা বলত?

বিন্দু / নিলু / মিলি / নীলি

ঘ) মন্তব্য: প্রতিদিন সে গাছে জল দিত।

**কারণ : জল না পেলে গাছেরা বেঁচে থাকতে পারে না।**

**মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য কারণ দুটোই ঠিক / মন্তব্য কারণ দুটোই ভুল**

**ঙ) সবাই মিলে কি পরিষ্কার করল?**

**কুয়ো / বাড়ির ছাদ / মাঠ / উঠোন**

**চ) মন্তব্য : সেই দিন থেকে সবাই মিলে গাছ লাগালো ।**

**কারণ: গাছ না লাগালে চারিদিক সুন্দর ও সবুজ হয় না ।**

**মন্তব্য ভুল কারণ ভুল / মন্তব্য ঠিক কারন ঠিক /মন্তব্য ঠিক কারণ ভুল/ মন্তব্য কারণ দুটোই ভুল**